Vulnerable Women Benefit (VWB) Programme

# এমআইএস (MIS) ব্যবহার সংক্রান্ত প্রশিক্ষণ নির্দেশিকা

**(উপজেলা পর্যায়ে ব্যবহারকারীর জন্য)**

## (ইউনিয়ন ভিত্তিক কার্ড সংরক্ষণ)


মহিলা বিষয়ক অধিদপ্তর
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

কারিগরি সহযোগিতায়

WFP

# ১.লগইন


লগইন এর জন্য এই ঠিকানায় যান ( http://dwavwb.gov.bd/)। নিচের ছবির মত একটি পেইজ পাবেন।




চিত্র : লগইন পেইজ

- ব্যবহারকারীর নাম - এখানে আপনার ইউজার আইডি দিন।
- পাসওয়ার্ড - এখানে আপনার পাসওয়ার্ড দিন।
- লগইন – প্রবেশের জন্য লগইন বাটনে ক্লিক করুন।


ব্যবহারকারীর নাম ও পাসওয়ার্ড সঠিক হলে লগইন সফলভাবে সম্পন্ন হবে এবং উপজেলা ব্যবহারকারী এরকম হোমপেইজ দেখতে পাবেন।





চিত্র : হোমপেইজ

## ২. উপজেলা ভিত্তিক ইউনিয়নের কার্ড ব্যবস্থাপনা


উপজেলা কর্মকর্তা তার উপজেলার অন্তর্ভুক্ত ইউনিয়নসমূহের মধ্যে কার্ড সংখ্যা বরাদ্দ করতে পারবেন। এজন্য তাকে লগইন করার পর নিম্নে প্রদর্শিত অপশনে ক্লিক করতে হবে।



"উপজেলা ভিত্তিক ইউনিয়নের কার্ড ব্যবস্থাপনা" অপশনে ক্লিক করলে নিম্নের পেইজটি প্রদর্শিত হবে।




অতঃপর ড্রপডাউন থেকে আবেদনের সালচক্র নির্বাচন করতে হবে এবং "অনুসন্ধান" বাটনে ক্লিক করতে হবে।



অনুসন্ধান বাটনে ক্লিক করলে নিম্নের ন্যায় তালিকা প্রদর্শিত হবে।

ইউনিয়ন তালিকা (উপজেলার বরাদ্দ কার্ড সংখ্যা : 2164)
ইউনিয়নের সর্বমোট বরাদ্দ কার্ড সংখ্যা 0

৫০ টা এন্ট্রি দেখাও

Search in table:

| নাম(বাংলা) | নাম (ইংরেজী) | কোড | সক্রিয় | সম্পাদনা |
|---|---|---|---|---|
| কুসুম্বি | Kusumbi | ৫৭ | সক্রিয় | 0 |
| খাঁনপুর | Khanpur | ৪৭ | সক্রিয় | 0 |
| খামারকান্দি | Khamarkandi | ৩৮ | সক্রিয় | 0 |
| গাড়ীদহ | Garidaha | ২৮ | সক্রিয় | 0 |
| বিশালপুর | Bishalpur | ১৯ | সক্রিয় | 0 |
| ভবানীপুর | Bhabanipur | ১৭ | সক্রিয় | 0 |
| মির্জাপুর | Mirzapur | ৬৬ | সক্রিয় | 0 |
| শাহ-বন্দেগী | Shah-Bandegi | ৭৭ | সক্রিয় | 0 |
| সীমাবাড়ী | Shimabari | ৮৫ | সক্রিয় | 0 |
| সুঘাট | Sughat | ৯৫ | সক্রিয় | 0 |

১০ টা এন্ট্রির মধ্যে ১ থেকে ১০ পর্যন্ত দেখানো হচ্ছে

আগেরটা 1 পরবর্তীটা

কার্ড বরাদ্দের জন্য 'সম্পাদনা' কলামে ইউনিয়নসমূহের জন্য কার্ডের সংখ্যা প্রদান করতে হবে। এক্ষেত্রে লক্ষ্য রাখতে হবে যে, ইউনিয়নসমূহের মধ্যে বরাদ্দকৃত কার্ডের সংখ্যার যোগফল উপজেলার বরাদ্দ কার্ড সংখ্যার সমান হতে হবে। উপরন্তু, কোনো ইউনিয়নের কার্ডের সংখ্যা ৫০ এর কম হতে পারবে না।

অতঃপর "সংরক্ষণ করুন" বাটনে ক্লিক করতে হবে।

সংরক্ষণ করুন

"সংরক্ষণ করুন" বাটনে ক্লিক করলে নিম্নের বার্তাটি প্রদর্শিত হবে।

কার্ড সংখ্যা একবারই সম্পাদনা করা যাবে। আপনি কি সম্পাদনা করতে চান?

হ্যাঁ বন্ধ করুন

"হ্যাঁ" বাটনে ক্লিক করে সম্পাদনা সম্পন্ন করতে হবে।

